গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ১ শাখা।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারি, ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২২/০৩/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারি,২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান । সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৬-১৭ অর্থ-বছরের এডিপিতে ০৭টি অনুমোদিত এবং ১১টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। এডিপিভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ ৩০৮৭৪.০০ লক্ষ টাকা। ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ৩৬০০০.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি,২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ১৬৭৫৫.৫০ লক্ষ টাকা (৫৪%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ১৫৭১৯.১১ লক্ষ টাকা (৫০.৫৮%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্প:** সভায় জানানো হয় যে, ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পটি দেশব্যাপী বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক পিআরএলএ গমন করায় নতুন প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। নতুন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা, প্রকল্পের সকল কাজ সঠিক সময়ে সম্পাদন এবং ২০১৭ শিক্ষাবর্ষে উক্ত প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের ডাটাবেইজ দ্রুত সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করা হয়। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের নতুন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।<br>খ) প্রকল্পের সকল কাজ সঠিক সময়ে সম্পাদন করতে হবে।<br>গ) ২০১৭ শিক্ষাবর্ষে ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ দ্রুত তৈরির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন।<br>প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক ও মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.২ | **"মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প:** সভায় জানানো হয় যে, প্রকল্পটির অগ্রগতি ভাল এবং চলতি অর্থ-বছরে প্রকল্পটি সমাপ্ত হবে। মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ে মন্ত্রণালয়ে জমাকৃত ডিপিপি'র বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আলোচনা করা হয়। | ক) প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে যে সকল মসজিদ পাঠাগার প্রতিষ্ঠা করা হবে তার তালিকা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>গ) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায়ের মন্ত্রণালয়ে জমাকৃত ডিপিপি বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ঐ<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.৩ | **ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পঃ** নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১০০% নিশ্চিত করতে হবে।<br>খ) প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ঐ |

( চলমান পৃ:/২)

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | **''ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ'' শীর্ষক প্রকল্প :**<br>প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পে বরাদ্দকৃত অর্থের ব্যবহার যথাসময়ের মধ্যে নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **"মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" প্রকল্প :**<br>প্রকল্প পরিচালক জানান যে, "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগে ডিপিপি প্রেরণ করা হয়েছে। প্রকল্প পরিচালক আরো জানান যে, ৪র্থ পর্যায় প্রকল্পটি জুন'২০১৭ তে সমাপ্ত হবে। | "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্পটি জুন'২০১৭ তে সমাপ্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প :** প্রকল্প পরিচালক জানান যে, চলতি অর্থ-বছরের প্রশিক্ষণ কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। চলতি অর্থ-বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬৫০০ জন পুরোহিত ও সেবাইতকে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে। | ক) ডিসেম্বর ২০১৭-এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করতে হবে।<br>খ) ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পটির সংশোধিত ডিপিপি'র বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.৭ | **প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প :**<br>নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্নসহ সত্বর প্রকল্পভুক্ত এলাকায় মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সফরের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) জুন ২০১৭ মধ্যে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>খ) মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়-এর চট্টগ্রামসহ ৩ পার্বত্য জেলা ও কক্সবাজারে প্রকল্পের কার্যক্রম পরিদর্শনের জন্য সফরসূচি প্রণয়ন করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালক |
| ৩.৮ | **অননুমোদিত নতুন প্রকল্প :** সভায় জানানো হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের জেলা কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটির যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভাটি মূলতবি অবস্থায় আছে। | ইসলামিক ফাউন্ডেশনের জেলা কমপ্লেক্স নির্মাণ প্রকল্পটির অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.৯ | ৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম প্রকল্পের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়। | ক) ৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম প্রকল্পের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) ৩টি পার্বত্য জেলা ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম প্রকল্প স্থাপনের জন্য জায়গা সুনির্দিষ্টভাবে চিহ্নিত করে জরুরি ভিত্তিতে সংশ্লিষ্ট পার্বত্য কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১০ | সভায় জানানো হয় যে, স্থাপত্য অধিদপ্তর হতে প্রাপ্ত নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ব্যয় প্রাক্কলন কাজ চলমান রয়েছে। ২/১ দিনের মধ্যে তা সম্পন্ন হবে। সভাপতি প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বে প্রেরণের জন্য অনুরোধ করেন। | গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক দুই সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১১ | ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, সিরতা ময়মনসিংহ এবং কালকিনী, মাদারীপুর এর ডিপিপি পরিকল্পনা কমিশনের প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স নির্মাণ প্রকল্প, সিরতা ময়মনসিংহ এবং কালকিনী, মাদারীপুর এর ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

(চলমান পৃ:/৩)

| | | | |
|---|---|---|---|
| ৩.১২ | ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (পরিকল্পনা)-কে স্থাপত্য অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করে নকশা প্রণয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক (পরিকল্পনা) স্থাপত্য অধিদপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করে ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের নকশা প্রণয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৩ | জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের একটি মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য মন্ত্রণালয়, স্থাপত্য অধিদপ্তর ও ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয়ে টিম গঠণপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের একটি মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য মন্ত্রণালয়, স্থাপত্য অধিদপ্তর ও ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয়ে টিম গঠনপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৪ | **<u>"প্রতি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন":</u>** প্রকল্পটির ডিপিপি জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | আগামী এক সপ্তাহের মধ্যে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৫ | প্রকল্প বাস্তবায়ন মেয়াদ হালনাগাদ করে এবং পরিপত্র অনুযায়ী "২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন মেয়াদ হালনাগাদ করে এবং পরিপত্র অনুযায়ী "২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি আগামী সভার পূর্বেই মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ওয়াক্ফ প্রশাসক |
| ৩.১৬ | **<u>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প:</u>** তুরস্কের সুলতানী আমলে প্রতিষ্ঠিত মসজিদের মূল স্থাপত্য ডিজাইন ঠিক রেখে কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক, প্রত্নতত্ব অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং বুয়েটের একজন বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত টীম প্রকল্পের সার্বিক বিষয়ের দিক নির্দেশনা প্রদানের জন্য সরেজমিনে প্রকল্প পরিদর্শনের বিষয়ে সভায় ঐকমত্য প্রকাশ করা হয় । | তুরস্কের সুলতানী আমলে প্রতিষ্ঠিত মসজিদের মূল স্থাপত্য ডিজাইন ঠিক রেখে কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক, প্রত্নতত্ব অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর এবং বুয়েটের একজন বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত টীম সরেজমিনে পরিদর্শন করে স্থাপত্য নকশা চূড়ান্ত, সুনির্দিষ্ট স্থান নির্ধারন, প্রত্নতাত্বিক বিধি-বিধান, ভবিষ্যৎ পরিকল্পনা, ঐতিহাসিক সামাজিক গুরুত্ব বিবেচনায় রেখে প্রকল্পের সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানপূর্বক একটি প্রতিবেদন দাখিল করবে । | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৭ | বায়তুল মোকাররম মসজিদ শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় আনায়ন এবং সিসি ক্যামেরা স্থাপনসহ মসজিদের সুবিধাদি বৃদ্ধিকরণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের বিয়য়ে আলোচনা হয়। | মাস্টার প্ল্যান অনুযায়ী বায়তুল মোকাররম মসজিদকে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার আওতায় আনায়ন এবং সিসি ক্যামেরা স্থাপনসহ মসজিদের সুবিধাদি বৃদ্ধিকরণের জন্য প্রকল্পের ডিপিপি প্রণয়ন করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৮ | ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে ১(এক) মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্পের ডিপিপি এক মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৯ | <u>বিবিধ :</u> সভায় কোন কোন সদস্য সমন্বয় সভার মত আলোচ্য সভাটির জন্যও প্রতিমাসের একটি নির্ধারিত তারিখ স্থির করার অনুরোধ জানান। এ বিষয়ে মাননীয় মন্ত্রীসহ সবাই ঐকমত্য প্রকাশ করেন। | এখন থেকে মাসিক এডিপি রিভিউ সভা প্রতিমাসের তৃতীয় সপ্তাহের রবিবার/মঙ্গলবারে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে মাননীয় মন্ত্রীকে অবগত রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |

চলমান পৃ:/৪)

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের আহবান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-০৪/০৪/২০১৭ খ্রি.
অধ্যক্ষ মতিউর রহমান
মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/১৪৬ তারিখঃ ০৫.০৪.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ উপ-সচিব, বাজেট অধিশাখা-২৩]।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৫। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্কাটন, ঢাকা।
০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
[দৃ: আ: জনাব মো: জামিলুর রহমান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা
[দৃ: আ: আ.স.ম আমিনুর রহমান, উপ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১]।
০৮। যুগ্ম-সচিব(প্রশাসন ও হজ্জ/সংস্থা ও উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৩। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা
১৬। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়''শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা
১৭। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা),৬৭/৪,এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ''শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা ।
১৯। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
২০। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা ।
২১। প্রকল্প পরিচালক, "ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
২২। সচিব, হিন্দু /বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
২২। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
২৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। সহকারী প্রোগ্রামার,ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
২৮। অফিস কপি/মাস্টার কপি।

০৫।০৪।২০১৭
মো: সাখাওয়াত হোসেন
উপসচিব (উন্নয়ন)।
ফোনঃ ৯৫৭৭২৩৭